

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন : (+৮৮-০২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স : ৪৭১১৮৪৪৯
তারিখঃ ০২ মে, ২০২৪

জবি/প্রশা/একা-বৃত্তি-৩৪(৫)/অংশ-৪/২০১৪/২৮৭

পরিচালক/চেয়ারম্যান,

জগন্নাথ বিশ্ববিদ্যালয়।
ইনস্টিটিউট/বিভাগ/ইউনিট

বিষয়ঃ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মাঝে মেধা বৃত্তি ও প্রতিরক্ষা বৃত্তির অর্থ এবং অবৈতনিক অধ্যয়নের সুযোগ প্রদান প্রসঙ্গে।
জনাব,

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মাঝে “বৃত্তি নীতিমালা-২০১৩” অনুযায়ী মেধা বৃত্তি ও প্রতিরক্ষা বৃত্তি এবং অবৈতনিক অধ্যয়নের সুযোগ প্রদান সংক্রান্ত কমিটির এক সভা মাননীয় উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে গত ২৫/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিভিন্ন শিক্ষাবর্ষের আবেদনকৃত ১,৯৬৩ (এক হাজার নয়শত তেরটি) জন শিক্ষার্থীদের আবেদন যাচাই বাছাই পূর্বক সর্বমোট ১,৭৬১ (এক হাজার সাতশত একষট্টি) জন (তন্মধ্যে মেধা বৃত্তি ৬০৫ জন এবং অবৈতনিক অধ্যয়ন ১,১৫৬ জন) কে বৃত্তি এবং ৪৬০ (চারশত ষাট) জন শিক্ষার্থীকে প্রতিরক্ষা বৃত্তি (তন্মধ্যে বৃত্তি ২৫০ জন এবং অবৈতনিক অধ্যয়ন ২১০ জন) প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আরো উল্লেখ্য যে, সংশ্লিষ্ট ইনস্টিটিউট/বিভাগ/ইউনিট সমূহে মেধা বৃত্তি ও প্রতিরক্ষা বৃত্তির জন্য মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে বৃত্তির অর্থ প্রেরণের জন্য নিম্ন ছক মোতাবেক শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত ব্যাংক হিসাবের তথ্য নির্ভুলভাবে পূরণ পূর্বক তার হার্ডকপি এবং সফটকপি ই-মেইল (masudalam830@gmail.com)-এ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১৪/০৫/২০২৪ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে প্রেরণের অনুরোধসহ উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট সকলকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

মেধা বৃত্তি ও প্রতিরক্ষা বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্য ছক (সকল তথ্য ইংরেজিতে নির্ভুলভাবে পূরণীয়) নিম্নরূপঃ

SL. No.	Student Name & ID Number	Bank Name	Student Self Bank Account Number (13-17 Digit)	Bank Branch Name	Bank Routing Number
---------	--------------------------	-----------	--	------------------	---------------------


এমতাবস্থায়, আপনার ইনস্টিটিউট/বিভাগ/ইউনিট হতে আবেদনকৃত শিক্ষার্থীদের মধ্যে থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মেধা বৃত্তি ও প্রতিরক্ষা বৃত্তি এবং অবৈতনিক অধ্যয়নের সুযোগ প্রাপ্তদের তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলোঃ

শর্তাবলীঃ

- ০১। মেধা বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীগণ এক শিক্ষাবর্ষের জন্য অবৈতনিক অধ্যয়নসহ প্রতি মাসে ৭৭৫/- (সাতশত পঁচাত্তর) টাকা এবং প্রতিরক্ষা বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীগণ এক শিক্ষাবর্ষের জন্য অবৈতনিক অধ্যয়নসহ প্রতি মাসে ৩০০/- (তিনশত) টাকা হারে বৃত্তি প্রাপ্য হবে।
- ০২। অবৈতনিক অধ্যয়নের সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীগণ এক শিক্ষাবর্ষের জন্য বিনা বেতনে অধ্যয়ন করবেন।
- ০৩। ইতোমধ্যে সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের বেতন পরিশোধ করে থাকলে পরবর্তী শিক্ষাবর্ষে (শ্রাবণ/শ্রাবণকোণ্ডর যে কোন পর্যায়ে) সমন্বয়ের সুযোগ পাবে।
- ০৪। অন্য কোন প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক বৃত্তি প্রাপ্ত হলে এবং কোন কারণে শাস্তি প্রাপ্ত হলে বিশ্ববিদ্যালয়ের বৃত্তির সুবিধা বাতিল হবে।
- ০৫। পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর সংশ্লিষ্ট শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও প্রতিরক্ষা বৃত্তির অর্থ পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ০৬। ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্য ছক নির্ভুল হতে হবে। অন্যথায় শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে সৃষ্ট জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ভার বহন করবেন না।

সংযুক্তিঃ মেধা ও প্রতিরক্ষা বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীগণ অবশ্যই Bank Routing Number উল্লেখ পূর্বক Bank Statement যুক্ত করতে হবে।


উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,


(অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
তারিখঃ ০২ মে, ২০২৪

জবি/প্রশা/একা-বৃত্তি-৩৪(৫)/অংশ-৪/২০১৪/২৮৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১-০৭. ডিন, সকল অনুষদ, জবি;
- ০৮-৪৭. পরিচালক/চেয়ারম্যান, সকল ইনস্টিটিউট/বিভাগ/ইউনিট (শর্তাবলীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ, জবি;
৪৮. প্রক্টর, জবি; :
- ৪৯-৫১. পরিচালক, ছাত্র-কল্যাণ/পিআরআইপি/নেটওয়ার্কিং অ্যান্ড আইটি; জবি;
৫২. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর [মেধা বৃত্তি প্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী ৭৭৫/- (সাতশত পঁচাত্তর) টাকা হারে এবং প্রতিরক্ষা বৃত্তি ৩০০/- (তিনশত) টাকা হারে শাসিক/এককালীন (সংশ্লিষ্ট শিক্ষাবর্ষ শেষে) বৃত্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো], জবি;
৫৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
- ৫৪-৫৬. সম্পাদক/পিইউও/রেঞ্জার গাইডার, প্রতিরক্ষা বৃত্তি (রোডার স্কাউট/বিএনসিসি ও রেঞ্জার), জবি;
৫৭. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ডিবি, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫৮. উপ-পরিচালক (অডিট), ডেপুটি রেজিস্ট্রার দপ্তর (ডেপুটি রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫৯. অফিস নথি/সংরক্ষণ নথি।


(মোসাঃ আশরা-উন-আকতার তুহিন)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা (বৃত্তি)।